



Sr. Ar.
 Accl.
 Ms. End to all UE for
 taking up
 09/02/2022

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
 আপারগাঁও, শেরেবাংলা নগর
 ঢাকা-১২০৭।
www.lged.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
 গ্রাম শহরের উন্নতি

স্মারকঃ ৪৬.০২.০০০০.২০২.১৮.০০৩.১৮-২০২২

তারিখঃ ০১-০২-২০২১ খ্রিঃ।

প্রতি,
 উপজেলা প্রকৌশলী
 স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
 উপজেলাঃ (সকল)
 জেলাঃ

বিষয়ঃ মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিতব্য গৃহ নির্মাণ কাজে করণীয় প্রসঙ্গে।

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং- ০৩.০২.০০০০.৭০৩.১৪.৩৫৪.২১.৫১৬, তারিখঃ ০১-০৯-২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় গৃহ নির্মাণ কাজে 'উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি'কে পরামর্শ প্রদানের জন্য নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হলো।

- ১। আশ্রয়ণ-২ প্রকল্প কর্তৃক প্রেরিত নকশা ও প্রাক্কলনে কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে তা 'উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি'কে অবহিত করতে হবে।
- ২। গৃহ নির্মাণের ক্ষেত্রে উপযুক্ত ও সুন্দর লে-আউট প্রদান করা।
- ৩। বিচ্ছিন্ন/দুর্গম/নদী ভাঙ্গন প্রবণ এলাকায় গৃহ নির্মাণ না করা এবং নির্বাচিত জায়গাটি যেন ঘোখ সেন্টার/কোন বাজারের নিকটবর্তী হয়, এ বিষয়ে উপজেলা প্রকৌশলী পরামর্শ প্রদান করবেন।
- ৪। ফাউন্ডেশনের কাজ শুরু করার পূর্বে মাটির ভার বহন ক্ষমতা এবং মাটি/বালি ভরাটের ক্ষেত্রে কমপেকশন যথাযথভাবে নিশ্চিত করা।
- ৫। সকল প্রকার নির্মাণ সামগ্রী যথা- ইট, বালি, সিমেন্ট, কাঠ, টিন-এর গুণগতমান এলজিইডি'র জেলা পর্যায়ের ল্যাবরেটরির মাধ্যমে পরীক্ষা করানো।
- ৬। নির্মাণ কাজ চলাকালীন নির্মাণ সামগ্রীর সঠিক মান, মিশ্রণ অনুপাত নিশ্চিতকরণে এবং কিউরিং যথাযথভাবে হচ্ছে কি না তা পরিদর্শন পূর্বক জানানো।
- ৭। কাজ বাস্তবায়নে সময়সীমা নির্ধারণ ও পর্যায়ক্রমিক ধাপ অনুসরণ করণ।

কাজের গুণগতমান রক্ষায় উপরোক্ত বিষয়সমূহ অত্যন্ত গুরুত্বের সাথে 'উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি'কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

02/02/2022

(মোঃ আব্দুর রশীদ খান)
 প্রধান প্রকৌশলী
 ফোন নম্বরঃ ০২-৪৮১১২৫৭৬
 E-mail: ce@lged.gov.bd

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, (সকল বিভাগ)।
- ৪। জেলা প্রশাসক, (সকল জেলা)।
- ৫। উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), উপজেলাঃ , জেলাঃ
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ , জেলাঃ

অনুলিপি (কার্যার্থে)ঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বিভাগঃ (সকল)।